গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট

স্মারক নং : মাউশি/লেইস/০২-১২৯/বেসিক ট্রেনিং/২০২৫/১৬৬৭ তারিখ : ২২ ভাদ্র, ১৪৩৩ ব.
০৬সেপ্টেম্বর, ২০২৬ খ্রি.

বিষয় : **লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট এর আওতায় মাধ্যমিক পর্যায়ের নবীন শিক্ষকগণের (বয়স ৪০ বছরের নিম্নে) ৫৬-দিনব্যাপী "বেসিক ট্রেনিং"-এর ৪র্থ ব্যাচের প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের যৌথ অর্থায়নে বাস্তবায়নাধীন লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট এর আওতায় মাধ্যমিক পর্যায়ের নবীন শিক্ষকগণের (বয়স ৪০ বছরের নিম্নে) ৫৬-দিনব্যাপী "বেসিক ট্রেনিং" এর ৪র্থ ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম **১৪টি সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ (টিটিসি)-এ আগামী ৯ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. থেকে শুরু হবে।** প্রতিটি টিটিসি'তে ১টি গ্রুপে ৪০ জন প্রশিক্ষণার্থীর সমন্বয়ে মোট ২টি গ্রুপে ৮০ জন শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা হবে। **বর্ণিত প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যে ১টি গাইডলাইন প্রণয়ন করা হয়েছে, যা অনুসরণপূর্বক প্রশিক্ষণ পরিচালনা করতে হবে (সংযুক্তি-১)।**

০২। বর্ণিতাবস্থায়, ৯ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. থেকে ৪র্থ ব্যাচের "বেসিক ট্রেনিং" শুরু করার জন্য সংশ্লিষ্ট ভেন্যুকে প্রকল্প দপ্তর থেকে সরবরাহকৃত প্রশিক্ষণার্থীদের তালিকা হতে **(সংযুক্তি-২)** আমন্ত্রণপত্র প্রেরণ এবং টেলিফোনে যোগাযোগের মাধ্যমে তাদের অংশগ্রহণ নিশ্চিত করার অনুরোধ করা হলো। আমন্ত্রণপত্রে প্রশিক্ষণার্থীগণকে প্রথম এক সপ্তাহের খাবার ও আনুষঙ্গিক ব্যয় বাবদ নগদ অর্থ সাথে নিয়ে আসার জন্য পরামর্শ প্রদান করতে হবে। এছাড়াও, প্রশিক্ষণার্থীগণকে নিম্নবর্ণিত প্রমাণকসহ (যা ভবিষ্যতে ব্যবহারের জন্য প্রশিক্ষণকেন্দ্রে সংরক্ষিত থাকবে) প্রশিক্ষণ শুরুর আগের দিন সন্ধ্যার মধ্যে প্রশিক্ষণকেন্দ্রে রিপোর্ট করার জন্য নির্দেশনা প্রদান করতে হবে:

ক) বয়স যাচাইয়ের জন্য জাতীয় পরিচয়পত্রের কপি;
খ) চাকুরিকালের প্রমাণক হিসেবে প্রথম যোগদানের কপি;
গ) এমপিও প্রাপ্তির আদেশের কপি/সর্বশেষ মাসের আইবাস জেনারেটেড বেতন বিলের কপি (বেসরকারি শিক্ষকদের ক্ষেত্রে); এবং
ঘ) প্রতিষ্ঠান প্রধান কর্তৃক ইস্যুকৃত প্রশিক্ষণে অংশগ্রহণের ছাড়পত্র।

০৩। বর্ণিত প্রশিক্ষণ কর্মসূচি ৫৬-দিনব্যাপী একটি পরিপূর্ণ আবাসিক প্রশিক্ষণ। এ বিষয়টি পূর্বেই প্রশিক্ষণার্থীগণকে অবহিত করতে হবে এবং পরিপূর্ণ আবাসিক কর্মসূচি হিসেবে প্রশিক্ষণ পরিচালনা করতে হবে।

০৪। প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনার নিমিত্ত সরবরাহকৃত গাইডলাইন অনুসরণে প্রতিটি গ্রুপের জন্য একটি করে কো-অর্ডিনেশন কমিটি গঠন করতে হবে, যারা সংশ্লিষ্ট প্রশিক্ষণ গ্রুপের প্রশিক্ষণ বাস্তবায়ন ও সমন্বয়ের মূল দায়িত্ব পালন করবেন। তবে সংশ্লিষ্ট ভেন্যুর অন্যান্য অনুষদ সদস্য এবং কর্মচারী প্রশিক্ষণ আয়োজনে কো-অর্ডিনেশন কমিটিকে সর্বতোভাবে সহায়তা করবেন। সংশ্লিষ্ট টিটিসি'র মাস্টার ট্রেইনারগণের মধ্য হতে পর্যায়ক্রমে কো-অর্ডিনেশন কমিটির সদস্য হিসেবে দায়িত্ব প্রদান করতে হবে।

০৫। বেসিক ট্রেনিং-এর জন্য অনুমোদিত বাজেট বরাদ্দের বিস্তারিত বিভাজন এবং ব্যয় নীতিমালা অনুসরণে প্রশিক্ষণ পরিচালিত হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে বাজেট বিভাজনের নির্দেশনা অনুসারে প্রশিক্ষণার্থীদের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ সামগ্রী সংগ্রহ ও বিতরণ করতে হবে। প্রশিক্ষণ শুরু হওয়ার প্রথম সপ্তাহেই প্রশিক্ষণ ম্যানুয়াল এর কপি সকল প্রশিক্ষণার্থীকে সরবরাহ করতে হবে।

০৬। এ পরিপ্রেক্ষিতে, লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন প্রজেক্ট-এর ২০২৬-২৭ অর্থবছরের প্রশিক্ষণ পরিকল্পনা অনুসারে মাধ্যমিক পর্যায়ের নবীন শিক্ষকগণের (বয়স ৪০ বছরের নিম্নে) ৫৬-দিনব্যাপী "বেসিক ট্রেনিং"-এর ৪র্থ ব্যাচের প্রশিক্ষণ

আগামী ৯ সেপ্টেম্বর ২০২৬ তারিখ থেকে আয়োজনের লক্ষ্যে নির্ধারিত সময়সূচি অনুযায়ী কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো।

০৬.০৯.২৬

(প্রফেসর মো. আসাদুজ্জামান)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট

**বিতরণ:**
**অধ্যক্ষ, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (সকল)।**

স্মারক নং : মাউশি/লেইস/০২-১২৯/বেসিক ট্রেনিং/২০২৫/ ৭৬৬৭ তারিখ : ২২ ভাদ্র, ১৪৩৩ ব. / ০৬ সেপ্টেম্বর, ২০২৬খ্রি.

**সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ [দৃ. আ. অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ];
২. সচিব, কারিগরি ও মাধ্যমিক শিক্ষা বিভাগ [দৃ. আ. অতিরিক্ত সচিব (উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ];
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
৪. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর;
৫. পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
৬. পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
৭. পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
৮. আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
৯. পরিচালক, উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (সকল)
১০. উপপরিচালক, মাধ্যমিক শিক্ষা (সকল অঞ্চল);

**প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**
১. প্রজেক্ট অফিসার (প্রোগ্রাম-১), লেইস প্রজেক্ট [লেইস ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ];
২. জেলা শিক্ষা অফিসার, ............ (সংশ্লিষ্ট জেলা) [বর্ণিত প্রশিক্ষণে নির্বাচিত প্রশিক্ষণার্থীগণের অংশগ্রহণ নিশ্চিতকরণে সংশ্লিষ্ট প্রশিক্ষণ ভেন্যুকে সহযোগিতা প্রদানের অনুরোধসহ];
৩. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট) [বর্ণিত প্রশিক্ষণে নির্বাচিত প্রশিক্ষণার্থীগণের অংশগ্রহণ নিশ্চিতকরণে সংশ্লিষ্ট প্রশিক্ষণ ভেন্যুকে সহযোগিতা প্রদানের অনুরোধসহ];
৪. সংরক্ষণ নথি।

06.09.26

(মুহাম্মদ আক্তারুজ্জামান)
উপ-প্রকল্প পরিচালক
(প্রশিক্ষণ, প্রোগ্রামিং এবং রিপোর্টিং)
লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট

**লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্টের আওতায় মাধ্যমিক পর্যায়ের নবীন শিক্ষকগণের বেসিক ট্রেনিং আয়োজনের জন্য সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজসমূহ (টিটিসি)-এর জন্য দিকনির্দেশনা**

লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বিশ্বব্যাংকের সহায়তায় অক্টোবর ২০২৩ থেকে সেপ্টেম্বর ২০২৮ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। লেইস প্রজেক্টের মূল উদ্দেশ্য ও লক্ষ্য হচ্ছে মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের শিখন ত্বরান্বিতকরণ ও ধরে রাখার হার বৃদ্ধি; মাধ্যমিক পর্যায়ের শিক্ষকগণের দক্ষতা উন্নয়ন; এবং মাধ্যমিক শিক্ষা ব্যবস্থা (secondary systems) ও সহনক্ষমতা (resilience) উন্নয়ন।

**বেসিক ট্রেনিং:** মাধ্যমিক পর্যায়ের নবীন শিক্ষকগণকে হাতেকলমে কার্যকর ও ফলপ্রসূ শিখন-শেখানো কার্যক্রম পরিচালনা ও আধুনিক ক্লাসরুমের চ্যালেঞ্জসমূহ মোকাবেলার উপযোগী করার মাধ্যমে দক্ষ পেশাজীবী হিসাবে গড়ে তোলার লক্ষ্যে ৫৬-দিনব্যাপী বেসিক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। ইতোমধ্যে বর্ণিত বেসিক ট্রেনিং-এর ৩টি ব্যাচের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে।

আগামী ০৯ সেপ্টেম্বর ২০২৬ হতে দেশের ১৪টি টিচার্স ট্রেনিং কলেজে মাধ্যমিক পর্যায়ের নবীন শিক্ষকগণের বেসিক ট্রেনিং-এর ৪র্থ ব্যাচের আয়োজনের ক্ষেত্রে করণীয়:

১. **প্রশিক্ষণার্থী বাছাই এর মানদণ্ড:** নিম্নবর্ণিত মানদণ্ড অনুসরণপূর্বক প্রকল্প কার্যালয় কর্তৃক প্রশিক্ষণার্থী বাছাই করা হয়েছে:

i. সরকারি অথবা এম.পি.ও ভুক্ত শিক্ষক হতে হবে, NTRCA এর সর্বশেষ গণবিজ্ঞপ্তির মাধ্যমে নিয়োগকৃত শিক্ষকগণকে এ ব্যাচে মনোনয়ন দেয়া যাবে না ,তারা পরবর্তীতে সুযোগ পাবেন ।
ii. প্রতিটি উপজেলা/ থানা হতে বয়সের ক্রমানুসারে জ্যেষ্ঠ শিক্ষককে মনোনীত করতে হবে।
iii. প্রশিক্ষণার্থী মনোনয়নের ক্ষেত্রে বিদ্যালয় ও মাদ্রাসার অনুপাত হবে ২:১।
iv. কোনো বিদ্যালয়/মাদ্রাসা হতে ১ জনের বেশি শিক্ষক নির্বাচন করা যাবে না।
v. মনোনীত শিক্ষক সংশ্লিষ্ট টিটিসি'র সন্নিকটবর্তী এলাকার **(catchment area)** হতে হবে। (সংযুক্তি-১: সদয় দ্রষ্টব্য)।
vi. প্রশিক্ষণার্থীর মধ্যে পুরুষ শিক্ষক ও নারী শিক্ষকের অনুপাত হবে ৭:৩।
vii. এটি একটি পূর্ণকালীন আবাসিক প্রশিক্ষণ বিধায় প্রশিক্ষণ চলাকালীন বি.এড/এম.এড/ অন্য কোন পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক কাউকে মনোনয়ন দেওয়া যাবে না।
viii. কোনো শিক্ষা প্রতিষ্ঠানে একাধিক যোগ্য ও আগ্রহী শিক্ষক থাকলে প্রশিক্ষণার্থী মনোনয়নের ক্ষেত্রে জ্যেষ্ঠতাকে প্রাধান্য দিতে হবে। প্রশিক্ষণ কার্যক্রম ২০২৮ সাল পর্যন্ত চলবে বিধায় তুলনামূলকভাবে কম বয়সের শিক্ষকগণ এ প্রশিক্ষণে পরবর্তীতে অংশগ্রহণের সুযোগ পাবে ।
ix. প্রশিক্ষণ কেন্দ্রের আবাসিক সক্ষমতা বিবেচনায় নারী প্রশিক্ষণার্থী বাছাইয়ের ক্ষেত্রে শিশু সন্তানসহ অংশগ্রহণকারীকে যথাসম্ভব নিরুৎসাহিত করা হবে ।
x. যদি কোনো প্রশিক্ষণার্থী তথ্য গোপন করে প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ করে আর পরবর্তীতে ধরা পড়ে তাহলে প্রশিক্ষণে অবস্থানকালীন ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে হবে ।
xi. প্রশিক্ষণার্থী বাছাইয়ের ক্ষেত্রে বাংলা,ইংরেজি ও গণিত বিষয়ের শিক্ষকগণকে অগ্রাধিকার দিতে হবে;শরীরচর্চা শিক্ষকগণ মনোনয়ন পেতে পারে কিন্তু লাইব্রেরিয়ান/সহ.লাইব্রেরিয়ান মনোনয়ন পাবে না।

**২. প্রশিক্ষণ ব্যবস্থাপনা কমিটি:**

অনুমোদিত বাজেটের নির্দেশনা অনুসারে (সংযুক্তি-২: সদয় দ্রষ্টব্য) প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনার জন্য প্রতিটি টিটিসিতে একটি **প্রশিক্ষণ ব্যবস্থাপনা কমিটি** গঠিত হবে। প্রশিক্ষণ ব্যবস্থাপনা কমিটি নিম্নরূপে গঠিত হবে:

| ক্র. নং. | পদবি | প্রতিনিধি |
|---|---|---|
| ১. | কোর্স পরিচালক | **অধ্যক্ষ/উপাধ্যক্ষ/অধ্যক্ষ কর্তৃক মনোনীত শিক্ষক, সংশ্লিষ্ট টিটিসি**<br><br>একই সাথে চলমান একটি ব্যাচের বিভিন্ন গ্রুপের প্রশিক্ষণ আয়োজনের ক্ষেত্রে সংশ্লিষ্ট টিটিসি'র অধ্যক্ষ সর্বোচ্চ দু'টি গ্রুপের ক্ষেত্রে কোর্স পরিচালক এর দায়িত্ব পালন করবেন। দুই এর অধিক গ্রুপ এর ক্ষেত্রে উপাধ্যক্ষ (উপাধ্যক্ষের অনুপস্থিতিতে পরবর্তী সিনিয়র শিক্ষক)-কে কোর্স পরিচালকের দায়িত্ব প্রদান করতে হবে। |
| ২. | কোর্স সমন্বয়ক-১ | **সংশ্লিষ্ট টিটিসি'র ToT প্রশিক্ষণ প্রাপ্ত ১ (এক) জন শিক্ষক**<br><br>একজন মাস্টার ট্রেনার একই সাথে কেবলমাত্র একটি গ্রুপের কোর্স সমন্বয়কের দায়ত্ব পালন করতে পারবেন। সংশ্লিষ্ট টিটিসি'র মাস্টার ট্রেইনারগণের মধ্য হতে পর্যায়ক্রমে কো-অর্ডিনেশন কমিটির সদস্য নির্বাচনপূর্বক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করতে হবে। |
| ৩. | কোর্স সমন্বয়ক-২ | **পিআইইউ, লেইস প্রজেক্ট থেকে ১ (এক) জন নিয়োজিত হবেন।** |

**৩. উপ-কমিটি:** প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনার জন্য নিম্নলিখিত উপ-কমিটি গঠন করতে হবে। এ ক্ষেত্রে উপ-কমিটির সদস্যগণ আলাদাভাবে কোন সম্মানী প্রাপ্য হবেন না। প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনার জন্য নিম্নলিখিত উপ-কমিটি গঠন করতে হবে:

### i. উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠান এবং প্রশিক্ষণার্থী বরণ কমিটি

**গঠনপ্রণালী:** উপাধ্যক্ষক/একজন সিনিয়র অনুষদ সদস্যকে আহ্বায়ক করে ৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করতে হবে।

**কার্যপরিধি:** অনুমোদিত বাজেটের ক্রম. ক.১ ও ক.৬ অনুসরণে লেইস প্রজেক্ট এর সাথে সমন্বয় করে কমিটি উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানের আয়োজন করবে। ক্রম. ক.২ এ উল্লেখিত উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানের সভাপতি হবেন সংশ্লিষ্ট টিটিসি'র অধ্যক্ষ। ক্রম. ক.৩ ও ক.৪ এ উল্লেখিত প্রধান অতিথি ও বিশেষ অতিথি লেইস প্রকল্প নির্ধারণ করবে। এছাড়া, এ কমিটি অনুমোদিত বাজেটের ক্রম. ক.৫ অনুসরণে প্রশিক্ষণার্থীদের বরণ ও ক্রম. ঙ.৪ অনুসরণে আপ্যায়ন কমিটির সাথে সমন্বয় করে উদ্বোধনী দিনের বিশেষ রিফ্রেশমেন্ট ও রাতের খাবারের ব্যবস্থা করবে।

### ii. আপ্যায়ন কমিটি (রাতের খাবার, দুপুরের খাবার, সকালের খাবার , সকালের নাস্তা স্ন্যাকস+চারটি বিশেষ খাবার)

**গঠনপ্রণালী:** পাক্ষিকভিত্তিক (প্রতি ১৫ দিন) ৪টি খাদ্যকমিটি গঠন করতে হবে।

**ক) ১ম মাস:** ১জন মাস্টার ট্রেনারের সভাপতিত্বে প্রশিক্ষণার্থীদের মধ্য থেকে ১জন পুরুষ ও ১জন নারী সদস্যসহ ১৫ দিনের জন্য ৩ সদস্যের কমিটি হবে। ১৬তম দিন থেকে পুরাতন প্রশিক্ষণার্থী সদস্যগণের পরিবর্তে নতুন ১জন পুরুষ ও ১জন নারী সদস্য সংযুক্ত হবেন।

**খ) ২য় মাস:** ৩১তম দিন থেকে নতুন ১জন মাস্টার ট্রেনারের সভাপতিত্বে ইতঃপূর্বে কমিটিতে ছিলেন না এমন ১জন নারী ও ১জন পুরুষ প্রশিক্ষণার্থী সদস্যসহ ১৫ দিনের জন্য ৩ সদস্যের কমিটি দায়িত্ব পালন করবে। ১৬তম দিন থেকে প্রশিক্ষণার্থী সদস্যগণ পরিবর্তিত হবেন।

**কার্যপরিধি:** কমিটিসমূহ অনুমোদিত বাজেটের **ক্রম. ঙ** অনুসরণে লেইস প্রজেক্ট এর সাথে আলোচনাপূর্বক প্রশিক্ষণার্থীগণের জন্য মান সম্পন্ন খাবারের ব্যবস্থা করবে। এলক্ষ্যে, প্রকল্প কার্যালয় কর্তৃক একটি খাবারের তালিকা প্রণয়ন করা হয়েছে, যা অনুসরণ করতে হবে। বিশেষ বিশেষ প্রোগ্রামের জন্য খাবারের মেন্যু লেইস প্রজেক্ট থেকে অনুমোদন করিয়ে নিতে হবে। উল্লেখ্য, **ক্রম. ঙ.৩ ও ঙ.৭** এ উল্লেখিত ব্যয় বাদে **ঙ.** ক্রমের আপ্যায়নবাবদ সকল ব্যয় এ সাবকমিটির দায়িত্বের মধ্যে থাকবে। **ক্রম. ঙ.৩ ও ঙ.৭** এ উল্লেখিত ব্যয় কোর্স পরিচালনা কমিটি কর্তৃক নির্বাহ করা হবে। প্রশিক্ষণার্থীগণের খাবার/আপ্যায়ন বাবদ ব্যয় কোনোক্রমেই সাশ্রয় করে নগদ আকারে প্রশিক্ষণার্থীদের মধ্যে বিতরণ করা যাবে না। আপ্যায়ন কমিটি অধ্যক্ষ এবং কোর্স পরিচালনা কমিটি'র সাথে সমন্বয়ের মাধ্যমে দায়িত্ব পালন করবেন। প্রতিদিনের বরাদ্দকৃত খাবারের মেন্যু সংরক্ষিত থাকবে এবং অধ্যক্ষ কর্তৃক প্রতিস্বাক্ষরিত হবে। মানসম্পন্ন খাবার আয়োজনের বিষয়টি সংশ্লিষ্ট অধ্যক্ষ মহোদয় নিশ্চিত করবেন।

### iii. ক্রীড়া কমিটি

**গঠনপ্রণালী:** ১জন মাস্টার ট্রেনারের সভাপতিত্বে প্রশিক্ষণার্থীদের মধ্য থেকে ১জন পুরুষ ও ১জন নারী সদস্যসহ ৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করতে হবে।

**কার্যপরিধি:** অনুমোদিত বাজেট এর ক্রম. ঘ.৬ ও ঘ.১১ অনুসরণ করে ক্রীড়া সামগ্রী ক্রয়, মাঠ প্রস্তুতি, ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন ও পুরস্কার বিতরণের ব্যবস্থা করবে।

### iv. কালচারাল, ফটোগ্রাফি ও ভিডিও এবং স্যাভেনির কমিটি

**গঠনপ্রণালী:** ১জন মাস্টার ট্রেনারের সভাপতিত্বে প্রশিক্ষণার্থীদের মধ্য থেকে ৩জন পুরুষ ও ১জন নারী সদস্যসহ ৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করতে হবে।

**কার্যপরিধি:** অনুমোদিত বাজেট এর ক্রম. ঘ.১০, ঘ.১২, জ.১ ও জ.৪ অনুসরণ করে প্রযোজ্যক্ষেত্রে জাতীয় দিবস উদযাপন এবং সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন ও পুরস্কার বিতরণের ব্যবস্থা করবে।

### v. ক্রয় কমিটি :

**গঠনপ্রণালী:** পিপিআর ২০২৫ অনুসরণপূর্বক সরাসরি নগদ ক্রয় ও Request for Quotation (RFQ) পদ্ধতির মাধ্যমে ক্রয়ের জন্য নিম্নবর্ণিত দুটি কমিটি কমিটি গঠন করতে হবে:

**ক) সরাসরি নগদ ক্রয়:** পিপিআর ২০২৫ এর বিধি ১০০(১) এবং (২) অনুসারে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। এলক্ষ্যে, ক্রয়কারী (অধ্যক্ষ, সংশ্লিষ্ট টিটিসি) কর্তৃক অনধিক ৩ সদস্য বিশিষ্ট ক্রয় কমিটির মাধ্যমে উল্লেখিত ধারার অধীন ক্রয় কার্য সম্পন্ন করবেন।

**খ) কোটেশন পদ্ধতি:** পিপিআর ২০২৫ এর বিধিমালা অনুসরণপূর্বক ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। এলক্ষ্যে, তফসিল-২ এর বিধি ১১(১) অনুসারে ক্রয়কারী কার্যালয় প্রধান বা তার নিম্ন পর্যায়ে অনুমোদনযোগ্য ক্রয়ের ক্ষেত্রে দরপত্র মূল্যায়নের জন্য ৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করতে হবে, যাদের মধ্যে ২জন বর্ণিত ক্রয়কারী প্রতিষ্ঠানের অধীন অভ্যন্তরীণ সদস্য ও ১জন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন অন্য প্রতিষ্ঠানের কর্মকর্তা বহিঃসদস্য হিসাবে অন্তর্ভুক্ত হবেন। এক্ষেত্রে, মূল্যায়ন প্রতিবেদনে কমিটি'র ৩জন সদস্যেরই স্বাক্ষর থাকা আবশ্যক।

**কার্যপরিধি:** প্রশিক্ষণ বাস্তবায়ন কমিটি ও উপকমিটিসমূহের চাহিদা মোতাবেক ক্রয় কার্য সম্পন্ন করবে।

### vi. আইডি কার্ড, কোর্স ম্যানুয়াল ছাপানো, তথ্যপত্র (Handout) প্রিন্ট করা, প্রশ্নপত্র, উত্তরপত্র ও রেজাল্ট শিট ছাপানো এবং সার্টিফিকেট প্রস্তুতি কমিটি:

**গঠনপ্রণালী:** প্রশিক্ষণ বাস্তবায়ন কমিটি'র টিটিসি'র সদস্যের সভাপতিত্বে ও ২ জন মাস্টার ট্রেনারের সমন্বয়ে ৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করতে হবে।

**কার্যপরিধি:** অনুমোদিত বাজেটের ক্রম. ঘ.৩, ঘ.৪, ঘ.৭, ঘ.৮ ও ঘ. ১৩ অনুসরণপূর্বক ক্রয় কমিটি'র সাথে সমন্বয় করে বর্ণিত কার্যসমূহ সম্পাদন করতে হবে।

**প্রশিক্ষণার্থী আইডি নম্বর এর ক্ষেত্রে সফটওয়্যার থেকে স্বয়ংক্রিয়ভাবে প্রদানকৃত আইডি নম্বর নির্ধারিত হবে।**

### vii. শিক্ষা সফর কমিটি

**গঠনপ্রণালী:** ১জন মাস্টার ট্রেনারের সভাপতিত্বে প্রশিক্ষণার্থীদের মধ্য থেকে ১জন পুরুষ ও ১জন নারী সদস্যসহ ৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করতে হবে।

**কার্যপরিধি:** অনুমোদিত বাজেটের ক্রম. ঘ.১৪ অনুসরণপূর্বক ক্রয় কমিটি'র সাথে সমন্বয় করে বর্ণিত কার্যসমূহ সম্পাদন করতে হবে।

### viii. সাজসরঞ্জাম (Kit) ও পোশাক কমিটি

**গঠনপ্রণালী:** ১জন মাস্টার ট্রেনারের সভাপতিত্বে প্রশিক্ষণার্থীদের মধ্য থেকে ১জন পুরুষ ও ১জন নারী সদস্যসহ ৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করতে হবে।

**কার্যপরিধি:** অনুমোদিত বাজেট এর ক্রম. খ.২ থেকে প্রাপ্ত অর্থ দ্বারা কমিটি প্রশিক্ষণার্থীদের জন্য লেইস প্রজেক্ট কর্তৃক নির্ধারিত সাজসরঞ্জাম ও পোশাক সংগ্রহ নিশ্চিত করবে।

**ক.পোষাক(প্রশিক্ষণ চলাকালীন সময়ে)**
**পুরুষ:** সাদা শার্ট, কালো প্যান্ট (২ সেট) ও লাল টাই (১টি)
**মহিলা:** পিংক ও পেস্ট রংয়ের শাড়ি/ বোরকা (২টি)
**খ.পিটি ড্রেস:**
**পুরুষ:** সাদা টি শার্ট,সাদা ট্রাউজার ও সাদা পিটি সু
**মহিলা:** সাদা ক্যাপ [লেইস এর লোগো (Logo) সহ]
**গ.ব্লেজার** :(পুরুষ ও মহিলা)
**রং**: রয়েল ব্লু, ফেবরিক: চায়না, জিএসেম: ৮৫ [লেইস এর স্থায়ী লোগো (Logo)সহ]

**ix. শৃঙ্খলা কমিটি**

**গঠনপ্রণালী:** প্রশিক্ষণ বাস্তবায়ন কমিটি’র টিটিসি’র সদস্যের সভাপতিত্বে ও ২ জন মাস্টার ট্রেনারের সমন্বয়ে ৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করতে হবে।

**কার্যপরিধি:** কমিটি প্রশিক্ষণার্থীদের যথাসময়ে প্রশিক্ষণ কক্ষে উপস্থিতি, হোস্টেলে অবস্থান ও ত্যাগ, সকালের শরীরচর্চায় উপস্থিতি, সরবরাহকৃত খাবারের মান নিয়ন্ত্রণ, প্রশিক্ষকগণের উপস্থিতিসহ সকল প্রকার শৃঙ্খলা নিশ্চিত করবে।

**x. আবাসন ব্যবস্থাপনা কমিটি**

**আবাসন:** সংশ্লিষ্ট টিটিসি’র অধ্যক্ষ এবং কোর্স পরিচালনা কমিটি প্রশিক্ষণে অংশগ্রহণকারী সকল প্রশিক্ষণার্থীর আবাসনের ব্যবস্থা নিশ্চিত করবেন। এ বিষয়ে সহায়তার জন্য নিম্নবর্ণিত উপ-কমিটি কাজ করবে।

**গঠনপ্রণালী:** প্রশিক্ষণ বাস্তবায়ন কমিটি’র টিটিসি’র সদস্যের সভাপতিত্বে ও ২ জন মাস্টার ট্রেনারের সমন্বয়ে ৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করতে হবে।

**কার্যপরিধি:** কমিটি প্রশিক্ষণার্থীদের যথাসময়ে প্রশিক্ষণ কক্ষে উপস্থিতি, হোস্টেলে অবস্থান ও ত্যাগ, সকালের শরীরচর্চায় উপস্থিতিসহ সকল প্রকার শৃঙ্খলা নিশ্চিত করবে। আবাসন কমিটি প্রশিক্ষণার্থীগণের হোস্টেলে অবস্থানের নিমিত্ত [বাজেটের আওতায় বরাদ্দকৃত অর্থ হতে যথাসম্ভব] প্রয়োজনীয় সামগ্রী সরবরাহের বিষয়টি নিশ্চিত করবে (যথা: পরিষ্কার বিছানার চাদর, মশারি, বিশুদ্ধ পানি, টয়লেট্রিজ ইত্যাদি)।

৪. কোর্স পরিচালনা কমিটি সপ্তাহের শুরুতে **প্রতি সপ্তাহের ক্লাস রুটিন রিসোর্স পার্সনের মোবাইল নম্বরসহ** সপ্তাহ শুরুর ৩দিন পূর্বে প্রকল্প কার্যালয়ে প্রেরণ করবেন।

৫. **ক্রয়:** অর্থমন্ত্রণালয় কর্তৃক বেসিক ট্রেনিং এর অনুমোদিত বাজেট বিভাজন এবং সরকারি ক্রয় নীতিমালা অনুসরণপূর্বক প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় ক্রয় (যথা: প্রশিক্ষণ উপকরণ ইত্যাদি) সম্পাদন করতে হবে।

৬. **চলতি/STD হিসাব খোলা:** প্রশিক্ষণ কর্মসূচি আয়োজনের নিমিত্ত অগ্রিম উত্তোলনপূর্বক জমা রাখা এবং পৃথক হিসাব সংরক্ষণের জন্য অগ্রণী ব্যাংক পিএলসি এর স্থানীয় শাখায় ‘লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন প্রজেক্ট (Learning Acceleration in Secondary Education Project)’ এর নামে ইতঃপূর্বে খোলা চলতি/STD হিসাবের মাধ্যমে লেনদেন পরিচালনা করতে হবে।

৭. **লজিস্টিক সাপোর্ট:** প্রশিক্ষণ শুরুর প্রাক্কালে প্রশিক্ষণ সংশ্লিষ্ট লজিস্টিকস এর তালিকা প্রণয়ন করে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কমিটিকে সংগ্রহ করার জন্য নিয়োজিত করতে হবে। যেমন: প্রশিক্ষণ উপকরণ, প্রশিক্ষণোপযোগী আসবাবপত্র, আবাসন সুবিধা, উদ্বোধনী অনুষ্ঠান ব্যবস্থাপনা ইত্যাদি।

| ক্রম. | লজিস্টিকের নাম | আইটেমসমূহ |
|---|---|---|
| ১. | First Aid Medical kit | ১. First Aid Box<br>২. Blood pressure machine |

| | | |
|---|---|---|
| | | ৩. Thermometer<br>৫. Cotton/ Gauze<br>৬. Bandage<br>৭. Paracetamol Tablet<br>৮. Losectil Tablet<br>৯. Metryl<br>১০. Orsaline packet<br>১১. Burnol cream<br>১২. Savlon antiseptic |
| ২. | পুস্তকাবলি | বই এর তালিকা লেইস এর সাথে আলোচনা করে সংগ্রহ করতে হবে । |
| ৩. | ব্যাগ | লেইস-এর সাথে আলোচনাক্রমে প্রশিক্ষণার্থীদের জন্য প্রকল্পের লোগো সম্বলিত নির্ধারিত মানের ব্যাগ সংগ্রহ করতে হবে। |
| ৪. | প্রশিক্ষণ সামগ্রী | যথাযথ নিয়ম মেনে টিটিসি ক্রয় করবে। |
| ৫. | প্রসাধন দ্রব্যাদি (Toiletries) | যথাযথ নিয়ম মেনে টিটিসি ক্রয় করবে। |
| ৬. | আইডিকার্ড | যথাযথ নিয়ম মেনে টিটিসি ব্যবস্থা গ্রহণ করবে। |
| ৭. | কোর্স ম্যানুয়াল | যথাযথ নিয়ম মেনে টিটিসি প্রিন্ট করবে। |
| ৮. | ক্রীড়া সামগ্রী | ফুটবল,ভলিবল ও ইনডোর গেমস এর সামগ্রী। |
| ৯. | তথ্যপত্র, প্রশ্নপত্র, উত্তরপত্র ও রেজাল্ট শিট | যথাযথ নিয়ম মেনে টিটিসি ব্যবস্থা গ্রহণ করবে। |

৮. **ডকুমেন্ট সংরক্ষণ ও প্রেরণ:** প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করার পর যাবতীয় তথ্যাদি সংলিষ্ট অফিস সংরক্ষণ করবে এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রকল্প পরিচালক, লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন প্রজেক্ট-এ প্রেরণ করতে হবে। সংশ্লিষ্ট ডকুমেন্টস এর তালিকা নিম্নে প্রদান করা হলো:

- অফিস আদেশ;
- আর্থিক হিসাব বিবরণী, যেমন: ক্যাশবই, চেকবই, স্টকরেজিস্টার, ব্যাংকের হিসাব বিবরণী ইত্যাদি;
- উপস্থিতির তালিকা;
- ক্রয় সংক্রান্ত সকল নথিপত্র;
- সকল প্রকার বিলভাউচার;
- সম্মানীপত্র;
- প্রশিক্ষণ সংক্রান্ত সকল কাগজপত্র এর কপি।

৯. **সার্বিক সহযোগিতা:** প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য লেইস প্রকল্পকে প্রয়োজনীয় সার্বিক সহযোগিতা করতে হবে।

২৫.০২.২৬

(প্রফেসর মো.আসাদুজ্জামান )
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব )
লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট